## জানুয়ারি ২০২২ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৬.০১.২০২২ খ্রি.

সময় ঃ বেলাঃ ১১.০০ মিনিট

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বোরো ধান উৎপাদনের লক্ষমাত্রা ১৫১০০ হেক্টর। রোপন চলমান রয়েছে। রবি ফসলের মধ্যে আলু-১৭০৫, সরিষা-১১০২, ভুট্টা-১৬৯০ এবং শাকসবজি-১২৮০ হেক্টর জমিতে আবাদ করা হচ্ছে। সে সাথে পেয়াজ-৯৬, মরিচ-৫০, সূর্যমুখী-০৪ এবং রসুন-২০ হেক্টর জমিতে লাগানো হয়েছে। প্রাকৃতিক দূর্যোগ না হলে ভাল ফলনের ব্যাপারে তিনি আশাবাদী। এ ছাড়াও সমলয় কৃষির আওতায় মানুষমুড়া, বিরামপুরে ট্রেতে বীজতলা তৈরী ও যন্ত্রের মাধ্যমে চারা রোপন কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। মাঠের বর্তমান অবস্থা ভাল আছে। সার্বক্ষণিক পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের চিকিৎসা কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, ওমিক্রম দ্রুত ছড়াচ্ছে। জ্বর, সর্দি, মাথা ব্যথা ও কাশি হচ্ছে। এ উপসর্গগুলো সাধারণ। সরকার কর্তৃক প্রদত্ত বিধিনিষেধ মেনে চললে এবং সতর্কতা অবলম্বন করা হলে এটি প্রতিরোধ করা সম্ভব হবে। এটির পরীক্ষা অব্যাহত রয়েছে। শিক্ষার্থীদের টিকা দেয়া হচ্ছে। যদি কেউ বাদ পড়ে থাকে তবে তারা এলে তাদেরকে টিকা দেয়া হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিমিটার স্থাপন করা হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. বাদ পড়া শিক্ষার্থীদের দ্রুত টিকা নেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br><br>২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গত এক মাসে ১,৭৩০টি গবাদি পশুর, ৫৩৫০০টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৪৬০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ২৫৫টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ৩,৪৮০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে ৫৩৫০০ মাত্রা। এ ছাড়াও ক্ষুদ্র নৃ-জনগোষ্ঠীর খামারীসহ মোট ৩৬০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে। আজ ২৬ জানুয়ারি ২০২২ তারিখে ৬জন খামারীকে ৬টি মিল্ক ক্রিম সেপারেটর মেশিন বিতরণ করা হয়। সেসাথে এ উপজেলায় ৬৫,০০০ ছাগল-ভেড়াকে PPR রোগের টিকা দেয়ার কাজ শুরু হয়েছে। তিনি আরও জানান যে, দিওড় ইউনিয়নের জনাব আলমগীর কবীরের জলাতঙ্ক আক্রান্ত গরুর +ve হওয়ায় ৮০,০০০/- টাকা ক্ষতিপূরণ দেয়া হবে মর্মে তালিকাভূক্ত করা হয়েছে।<br>পরিশেষে তিনি জানান যে, তাকে জেলা ভেটেরিনারি অফিসার, মুন্সিগঞ্জ হিসেবে বদলি করা হয়েছে। আজ তার এ উপজেলায় শেষ সভা। এ উপজেলায় তিনি আনন্দের সাথে কাজ করেছেন। এ জন্য তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারসহ ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও অন্যান্য কর্মকর্তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সবাইকে বিদায়ী শুভেচ্ছা জানিয়ে তার জন্য দোয়া করার অনুরোধ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. সভার পক্ষ থেকে তাকে বিদায়ী শুভেচ্ছা জানানো হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বিরামপুরের বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, খানপুর এবং একইরে কালভার্ট নির্মাণের কাজ শুরু হয়েছে। আয়ড়া কালভার্টের Site এখনও Handover হয় নাই। এ ক্ষেত্রে চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদের সহযোগিতা প্রয়োজন। প্রাক্তন চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ নুনিয়াদহ-পলিখাঁপুর খালের সংযুক্ত পুকুরে বাঁধ দিয়েছেন যা কাম্য নয়। এ বিষয়ে তিনি উপজেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন।<br>এছাড়া তিনি UGDP-4 এর একটি Sub-project বাজারের সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় সেটি Re-estimate করে UGDP-5 এর সাথে প্রকল্পটি প্রেরণ করতে হবে। এ বিষয়ে UDF বিস্তারিত প্রস্তাবনা উপস্থাপন করবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. Re-estimate করে UGDP-5 এর সাথে প্রকল্পটি প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বিরামপুর থানা | ইন্সপেক্টর (তদন্ত), বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, তিনি এ থানায় সদ্য যোগদান করেছেন। তিনি বোচাগঞ্জ থানা থেকে বিরামপুর থানায় এসেছেন। নিজ জেলা রাজশাহী। তিনি সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন এবং তার কর্মকালে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৩<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ গতিশীল ও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। শিশু শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত চাহিদা অনুযায়ী প্রতিটি বিদ্যালয়ে পাঠ্যপুস্তক সরবরাহ করা হয়েছে। প্রতিটি বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকায় শিশু জরীপের কাজ সম্পূর্ণ করা হয়েছে এবং ভর্তি চলমান রয়েছে। অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক শ্রেণি পাঠদান কার্যক্রম বন্ধ থাকায় আইসিটি প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকদেরকে অনলাইন প্লাটফরম গুগলমিট এর মাধ্যমে শ্রেণি পাঠদান পরিচালনার জন্য তাগিদ প্রদান করা হচ্ছে। সকল বিদ্যালয়ে স্লিপ বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। বিভিন্ন উন্নয়নমূলক কাজ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, এসএসসি, দাখিল, এসএসসি (ভোক:) ও সমমান পরীক্ষা/২০২১ চলমান। মাধ্যমিক পর্যায় বার্ষিক ও নির্বাচনী পরীক্ষা চলবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এ্যাসাইনমেন্ট কার্যক্রম, শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইনে পাঠদান, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, সকল ভাতা ১০০ভাগে উন্নীত হয়েছে। বয়স্ক ভাতা ১০০% এবং বিধবা ভাতা ৭৫% বরাদ্দ পাওয়া গেছে। ৬ জানুয়ারি ২০২২ তারিখে ৯৯% পে-রোল প্রেরণ করা হয়েছে। নগদ খোলা থাকলে পে-রোল প্রদান করা হচ্ছে। তিনি আরও উল্লেখ করেন যে, তৃতীয় লিঙ্গের উপজেলা পর্যায়ের একজন নেতার সাথে আলোচনা করে জানা যায় এ | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সঠিক তারিখ উল্লেখ করে মৃত ভাতাভোগীর সনদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | উপজেলায় তৃতীয় লিঙ্গের ১০-১২ জন আছেন। তবে তাদের জাতীয় পরিচয় পত্রে লিঙ্গ উল্লেখ নেই। যাদের বয়স ৫০ বছর তারা প্রতিমাসে ৬০০/- টাকা করে ভাতা পাবেন। চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, মৃত ভাতাভোগীর মৃত্যু সনদ নির্ধারিত তারিখে না দিলে সরকারের অর্থের অপচয় হবে। তার ইউনিয়নের ৫৭ জন মৃত ভাতাভোগীর ভাতা ডিসেম্বর ২০২১ পর্যন্ত পাবে। প্রতি মাসে মৃত ভাতাভোগীর তালিকা দেয়ার জন্য তিনি অনুরোধ জানান। | | |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গভীর নলকূপ নিয়ে ঝামেলা হচ্ছে। মূলতঃ গভীর নলকূপ সমিতির কমিটি নিয়ে সমস্যা হচ্ছে। এ বিষয়ে তদন্ত কার্যক্রম চলছে। তদন্ত শেষে তদন্ত প্রতিবেদন সেচ কমিটিতে উপস্থাপন করা হবে এবং সেচ কমিটির সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. আগামী সেচ কমিটির সভায় তদন্ত প্রতিবেদন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর • |
| লোচনাঃ ১৭<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুরের পিতা অসুস্থ্যতার জন্য ছুটিতে থাকায় তিনি এ সভায় উপস্থিত হতে পারেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় তার পিতার সুস্থতা কামনা করা হয়। | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২০<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। চলতি মাসে ০৯টি ব্যাচে মোট ২৭০ (দুইশত সত্তর) জন বেকার যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =২,৫৬,৫৬,০০০/- (দুই কোটি ছাপ্পান্ন লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=২,১৭,৭৯,১২৫/-(দুই কোটি সতের লক্ষ উনআশি হাজার একশত পঁচিশ) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট=১,৯৫৭৬,৭৬৩/-(এক কোটি পঁচানব্বই লক্ষ ছিয়াত্তর হাজার সাতশত তেষট্টি) টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, জনবল সংকট সত্ত্বেও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্টোরের দায়িত্বে লোক না থাকায় মালামাল সরবরাহ করতে সমস্যা হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | জনাব মোঃ আব্দুল লতিফ, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০% বরাদ্দ দিয়ে রিং স্লাব তৈরী করা হয়। প্রতিটি ইউনিয়নে ২৬টি করে টিউবওয়েল বরাদ্দ দেয়া হয়েছে। সাব-মার্সিবল পাম্পর বরাদ্দ শেষ হয়েছে এবং তালিকাও তৈরী করা হয়েছে।<br>বদলিজণিত কারণে তার আজ শেষ সভা হওয়ায় তিনি জানান যে, ৮ মে ২০১১ তারিখে বিরামপুর উপজেলায় যোগদান করেন। সে সময় বর্তমান উপজেলা চেয়ারম্যান পেয়ে ছিলেন আবার যাবার বেলাও তিনি আছেন। তিনি এ উপজেলায় কর্মকালে চেয়ারম্যান, | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. জনাব মুক্তা খাতুন, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুরকে স্বাগত জানান হয়।<br>৩. জনাব মোঃ আব্দুল লতিফ, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুরের বদলিজণিত কারণে আজকের সভায় তাকে বিদায়ী শুভেচ্ছা জানিয়ে তার পরবর্তী কর্মস্থলেও তিনি | ১. সহকারী প্রকৌশলী/ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের আন্তরিকতার ভূয়সী প্রসংশা করেন সে সাথে তাঁদের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি সকলকে বিদায়ী শুভেচ্ছা জানান।<br>জনাব মুক্তা খাতুন, উপ-সহকারী প্রকৌশলী তার স্থলাভিষিক্ত হয়ে এ উপজেলার কার্যক্রম এগিয়ে নিবেন মর্মে জানিয়ে তিনি তাকে সহযোগিতা করার জন্য সবাইকে অনুরোধ জানান।<br>এ পর্যায়ে জনাব মুক্তা খাতুন, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর সকলের সাথে পরিচিত হন এবং শুভেচ্ছা বিনিময় করেন। | সুনামের সাথে কার্যক্রম চালিয়ে যেতে পারেন এ শুভকামনা জানানো হয়। | |
| আলোচনাঃ ২৩<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচির কার্যক্রম শুরু হয়েছে। এবার মজুরী ২০০/- টাকার স্থলে ৪০০/-টাকা নির্ধারণ করা হয়েছে।রাস্তার কাজও শুরু হয়েছে। প্রতিটি ইউনিয়নে ট্যাগ অফিসারদের কাজ তদারকি করতে বলা হয়েছে। ২টি ব্রীজের টেন্ডারের লটারী স্বল্প সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। এছাড়াও ২০০টি গাছ লাগানো হবে। বজ্র নিরোধ মেশিন স্থাপন করতে হবে এবং টিআর থেকে ৭.০০ লক্ষ টাকা নিতে হবে হবে তিনি সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। আদমশুমারীর জন্য এখনও তারিখ নির্ধারণ করা হয়নি। তিনি আরও জানান যে, বিরামপুর-নবাবগঞ্জ রোডে সিদ্দিক হাজীর মিলচাতাল হতে শামসুল আলমের বাড়ি পর্যন্ত কড়াই গাছগুলো ঝুকিঁপূর্ণ অবস্থায় রয়েছে। হালকা ঝড়ে গাছগুলো পড়ে রাস্তা সংলগ্ন বাড়ি এবং পথচারী দুর্ঘটনায় পড়তে পারে। সে কারণে গাছগুলো জরুরীভিত্তিতে কর্তণ করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. গাছগুলো কর্তণ করার বিষয়ে গাছের মূল্য নির্ধারণ করে পূর্ণাঙ্গ প্রতিবেদন দেয়ার জন্য রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুরকে অনুরোধ করা হয়। সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর।<br>২. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ,বিরামপুর,দিনাজপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বিদায়ী শুভেচ্ছা জানিয়ে জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। এ উপজেলায় ২০১৫ সাল হতে উপজেলা সমবায় অফিসার ছিল না। তিনিও সম্প্রতি এলেও পারিবারিক কারণে তাকেও দ্রুত বদলি নিতে হলো। তিনি সকলের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. এ সভার পক্ষ থেকে তাকে বিদায়ী শুভেচ্ছা জানানো হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর |
| আলোচনাঃ ২৬<br>বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৭<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯<br>শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২,৩১,০০,০০০/-(দুই কোটি একত্রিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে মর্মে সভায় উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>আলোচনাঃ ৩০<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন</td><td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আপাতত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে না। চাকরীজীবি, ক্ষুদ্র ঋণ ও ব্যবসায়ী ঋণ প্রদান করা হচ্ছে। ঋণ আদায়ের হার ৯৮%।</td><td>১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।</td></tr>
<tr><td>আলোচনাঃ ৩১<br>Upazila Governance and Development Project (UGDP)</td><td>Upazila Development Facilitator (UDF) বিরামপুর, দিনাজপুর সভায়<br>১. ২০১৮-১৯ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে নিম্নের চিত্রটি তুলে ধরেন:
<table>
<tr><th>উপ-প্রকল্প নং</th><th>প্রকল্পেরনাম</th><th>অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>INF-২০১৮-১৯-৫৫২৭১০-০২</td><td>বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা গ্রহীতাদের জন্য বিশ্রামাগার কক্ষ নির্মাণ।</td><td>নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।</td><td>নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। কাজের মান ভাল।</td></tr>
</table>
২. ২০১৯-২০ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে নিম্নের চিত্রটি তুলে ধরেন:
<table>
<tr><th>উপ-প্রকল্প নং</th><th>প্রকল্পেরনাম</th><th>অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>INF-২০১৯-২০-৫৫২৭১০-০১</td><td>বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন</td><td>কাজ সমাপ্ত হয়েছে।</td><td>নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। কাজের মান ভাল।</td></tr>
</table></td><td>১. INF-২০১৮-১৯-৫৫২৭১০-০২ এর কাজ সমাপ্ত হওয়ায় এবং কাজের মান ভাল থাকায় বিল বাবদ ভ্যাট ও আয়কর ছাড়া ৭,৮৪,৯১৫/-(সাত লক্ষ চুরাশি হাজার নয়শত পনের) টাকা মাত্র বিলটি প্রদানে সম্মতি প্রদান করা হয়।<br><br>২. INF-২০১৯-২০-৫৫২৭১০-০১ কাজ সমাপ্ত হওয়ায় এবং কাজের মান ভাল থাকায় বিল বাবদ ভ্যাট ও আয়কর ছাড়া ১০,৭৯,৯৯৮/- (দশ লক্ষ উনসত্তর হাজার নয়শত আটানব্বই) টাকা মাত্র বিলটি প্রদানে সম্মতি প্রদান করা হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।</td><td>১. উপজেলা প্রকৌশলী বিরামপুর।</td></tr>
<tr><td></td><td>৩. ২০১৯-২০ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের অগ্রগতি বিষয়ে তিনি আরও জানান যে, INF-2019-20-552710-01 প্রকল্পটির কাজ সমাপ্ত হলেও INF-2019-20-552710-02 ও INF-2019-20-552710-03 প্রকল্পের কাজ এখন পর্যন্ত শুরু করে নাই। জরুরীভিত্তিতে ঠিকাদারকে কাজ শুরুর জন্য তাগিদ প্রদানের জন্য তিনি অনুরোধ জানান। INF-2019-20-552710-04 নং (মাধ্যমিকস্তরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ) অনুমোদিত প্রকল্পটির প্রাক্কলন অনুযায়ী Product বর্তমানে বাজারে না পাওয়ার কারণে সরবরাহ করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, বিরামপুর ইউজিডিপি প্রকল্পের DTL এর সাথে আলোচনা করেন। ফলশ্রুতিতে একই প্রকল্পের উক্ত অনুমোদিত পরিমান টাকার মধ্যে নতুন করে প্রাক্কলন তৈরী করে প্রস্তাবনা অনুমোদনের জন্য পুনরায় পাঠানোর পরামর্শ প্রদান করা হয়েছে। উল্লেখ্য বর্তমান প্রকল্পের নাম হবে <u>মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে Desktop ও মাল্টিমিডিয়া বিতরণ প্রকল্প।</u></td><td>৩. বর্ণিত প্রকল্পের অনুমোদিত পরিমান টাকার মধ্যে নতুন করে প্রাক্কলন তৈরী করে প্রস্তাবনা অনুমোদনের জন্য পুনরায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর।</td></tr>
</table>

<table>
<tr><td></td><td>৪. ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ণ ও প্রেরণ বিষয়ে তিনি জানান যে, নিম্নোক্ত ৬ (ছয়) টি প্রকল্প প্রস্তাবনা অনুমোদিত হয়েছে। যাহা নিম্নরূপঃ<br>১। নবনির্বাচিত জনপ্রতিনিধি ও সুশীল সমাজের প্রতিনিধিদের ইভ-টিজিং, বাল্যবিবাহ ও নারী নির্যাতন বিরোধী অবহিতকরণ কর্মশালা।<br>২। বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে করোনা বিস্তাররোধে শিক্ষকদের সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ।<br>৩। হোটেল রেস্টুরেন্ট ও দোকান শ্রমিকদের স্বাস্থ্য ও বাণিজ্য সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ।<br>৪। নির্মাণ শ্রমিক (রাজ মিস্ত্রী, রড মিস্ত্রী, রং মিস্ত্রী ও ইলেক্ট্রিক মিস্ত্রী)-দের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ।<br>৫। বিরামপুর উপজেলার আওতাধীন শিক্ষক, জনপ্রতিনিধি, ইউনিয়ন সচিব, ইউনিয়ন উদ্যোক্তা, শিক্ষার্থীদের ই-মিউটেশন ও নামজারী বিষয়ক প্রশিক্ষণ ।<br>৬। নিরাপদ সড়কের লক্ষ্যে অটো ও সিএনজি চালকদের ট্রাফিক আইন বিষয়ক প্রশিক্ষণ ।<br>৫. ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ণ ও প্রেরণ বিষয়ে উপজেলা প্রকৌশলী বলেন যে, গত ডিসেম্বর'২১ এর মাসিক সভায় ১নং প্রকল্প বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল এক্সরে মেশিন স্থাপন প্রস্তাবনাটি বাতিল করে ২ (দুই) টি প্রকল্প গ্রহনের প্রস্তাব করেন যা নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্র. নং</th><th>প্রকল্পের নাম</th><th>আনুমানিক টাকার পরিমান (ভ্যাট ও আয়কর ব্যতীত)</th></tr>
<tr><td>১</td><td>মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও মাল্টিমিডিয়া বিতরণ</td><td>৪০ লক্ষ</td></tr>
<tr><td>২</td><td>মাধ্যমিকস্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ (উঁচু ও নীচু) বিতরণ</td><td>২০ লক্ষ</td></tr>
</table></td><td>৪. আগামী মার্চ ২০২২ মাস থেকে সংশ্লিষ্ট কোর্স-সমন্বয়কারীগণ প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫. বর্ণিত প্রকল্প প্রস্তাবগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে প্রকল্পগুলো প্রজেক্ট মনিটরিং ইউনিটে প্রেরণ এবং অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়।</td><td>৪. সংশ্লিষ্ট কোর্স-সমন্বয়কারী।<br>৫. উপজেলা প্রকৌশলী বিরামপুর।</td></tr>
<tr><td><u>আলোচনাঃ ৩২</u><br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়</td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর তার পরিচয় দিয়ে সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রতিটি ইউনিয়নে নিয়মিত উঠান বৈঠক করা হয়। তিনি নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।</td><td>১. নিয়মিত উঠান বৈঠক করাসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়।</td><td>তথ্যসেবা কর্মকর্তা<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।</td></tr>
<tr><td><u>আলোচনাঃ ৩৩</u><br>জেলা পরিষদ দিনাজপুর</td><td>জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না।</td><td>১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>সদস্য, জেলা পরিষদ।</td></tr>
<tr><td><u>আলোচনাঃ ৩৪</u><br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ</td><td>নবনির্বাচিত চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সবাইকে শুভেচ্ছা জানান এবং সকলের সাথে পরিচিত হন। তিনি কোভিড-১৯ প্রতিরোধে সরকারি নির্দেশনা বাস্তবায়নে প্রচারনা চালাচ্ছেন এবং সবাইকে নিজ নিজ অবস্থানে সতর্ক থাকার আহ্বান জানান।তিনি সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>১. নবনির্বাচিত চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরকে এ সভায় স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
<tr><td><u>আলোচনাঃ ৩৫</u><br>কাটলা ইউনিয়ন পরিষদ</td><td>নবনির্বাচিত চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তার বক্তব্য পাওয়া গেল না।</td><td>১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর।</td></tr>
<tr><td><u>আলোচনাঃ ৩৬</u><br>খানপুর ইউনিয়ন পরিষদ</td><td>নবনির্বাচিত চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সবাইকে শুভেচ্ছা জানান এবং সকলের সাথে পরিচিত হন। তিনি সভায় জানান যে, নতুন ও পুরাতন ভাতাভোগীরা টাকা উঠাতে নানারকম হয়রানীর স্বীকার হচ্ছেন। এ বিষয়ে তিনি উপজেলা সমাজসেবা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর উপহার অনেকগুলো গৃহ ফাঁকা রয়েছে। তিনি পুনরায় তালিকা করে ফাঁকা ঘর পূরণের আহ্বান জানান।তিনি আরও জানান যে ,জয়দেবপুরে পানির সমস্যা রয়েছে। জন্ম নিবন্ধন করতে মানুষের ভোগান্তি হচ্ছে। পল্লী বিদ্যুতের মিটার চুরি হচ্ছে নতুন মিটার আনতে অনেক</td><td>১. নবনির্বাচিত চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরকে এ সভায় স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর।</td></tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ঝামেলা হচ্ছে। ৮ নং ওয়ার্ডে বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষের গভীর নলকূপের কৃষক পর্যায়ে পানি দেয়ার জন্য কার্ড করা যায় কি-না সে বিষয়ে তিনি দৃষ্টি আকর্ষণ করেন। ধানজুড়ি মিশন এলাকায় পুলিশ সঠিকখাবে দায়িত্ব পালন করছে না এবং তারা নির্ধারিত পোষাক পড়েও যান না।তিনি আরও জানান যে, খানপুর ইউনিয়নের ৪০টি জায়গায় গাছ কাটা হচ্ছে কিন্তু ইউনিয়ন পরিষদ এ বিষয়ে অবগত নয়। তালিকা দেয়া থাকলে সুবিধা হতো। তিনি রেঞ্জ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। জয়নগর হতে রতনপুর ব্রীজের কাজে তেমন কোন সমস্যা নেই তবে কাজ ধীর গতিতে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | | |
| আলোচনাঃ ৩৭<br>দিওড় ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সবাইকে শুভেচ্ছা জানান এবং সকলের সাথে পরিচিত হন। তিনি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হতদরিদ্রদের জন্য ৪০ দিনের কর্মসূচি চলছে। ২৭৭ জনের মধ্যে ১০০ জন নতুন লোক নিয়োগ করা হয়েছে। প্রতি ইউপি সদস্য ৭ জন করে লোক দিয়েছে। মজুরী বৃদ্ধি করায় পর্যায়ক্রমে সকল হতদরিদ্রদের এ কাজে সম্পৃক্ত করলে তারা উপকৃত হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। তিনি আরও জানান যে, **কানচগাড়ি ও গোলাপগঞ্জ রাস্তার পুকুরপাড়ে রাস্তা সংস্কার করা না হলে দুই গ্রামে লোকজনের যাতায়াত বন্ধ হয়ে যাবে।তিনি পুকুর পাড়ের রাস্তার অংশটি দ্রুত সংস্কার/মেরামত করার অনুরোধ জানান। এটি দুই উপজেলা মিলে করার প্রস্তাব করেন।** | ১. নবনির্বাচিত চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুরকে এ সভায় স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সবাইকে শুভেচ্ছা জানান এবং সকলের সাথে পরিচিত হন। তিনি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হতদরিদ্রদের জন্য ৪০ দিনের কর্মসূচি নিয়ে কোন দুর্নীতি যেন না হয় সেদিকে দৃষ্টি রাখার জন্য তিনি সংশ্লিষ্টসকলকে অনুরোধ করেন। তিনি সভায় উল্লেখ করেন যে, তার ইউনিয়নে সার ডিলার দিনে দোকান বন্ধ রাখছেন এবং রাতে বেশী মূল্যে সার বিক্রয় করছেন।এতে কৃষকরা ক্ষতিগ্রস্থ এবং হয়রানির স্বীকার হচ্ছেন। ক্যানেলের ধার ঘেসে গাছ কাটা হচ্ছে নিষেধ করা হলেও তারা তা শুনছে না।রাধাপুর ব্রীজের কাজ দেখার জন্য তিনি অনুরোধ জানান।। | ১. নবনির্বাচিত চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুরকে এ সভায় স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. সারের দোকান কেন দিনে বন্ধ রেখে রাতে বেশী মূল্যে বিক্রয় করা হচ্ছে বিষয়টি তদারক করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর।<br>৩. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সবাইকে শুভেচ্ছা জানান এবং সকলের সাথে পরিচিত হন যদিও তিনি পুনরায় নির্বাচিত হয়েছেন। তিনি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৪০ দিনের ৫টি প্রকল্প দিয়েছেন এবং তার ইউনিয়নের হতদরিদ্রদের এ কাজে সম্পৃক্ত করেছেন। | ১. চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর পুনরায় নির্বাচিত হওয়ায় তাকে এ সভায় স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | নবনির্বাজিত চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, দিনাজপুর সবাইকে শুভেচ্ছা জানান এবং সকলের সাথে পরিচিত হন যদিও তিনি পুনরায় নির্বাচিত হয়েছেন। তিনি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সরকারি নির্দেশনা মোতাবেক ৪০ দিনের কর্মসূচিতে তার ইউনিয়নের হতদরিদ্রদের এ কাজে সম্পৃক্ত করেছেন এবং এ কার্যক্রম চলমান রয়েছে। | ১. চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর পুনরায় নির্বাচিত হওয়ায় তাকে এ সভায় স্বাগত জানানো হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে মোছাঃ আঞ্জুরা পারভীন উপস্থিত রয়েছেন। তাদের কোন বক্তব্য নেই। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪২<br>ভাইস-চেয়ারম্যানদ্বয় উপজেলা পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে বিরামপুর উপজেলা পরিষদের পক্ষ থেকে শুভেচ্ছা জানান। | -- | -- |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভার পক্ষ থেকে নবনির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানান। মেয়র সভায় জানান যে, বিরামপুর পৌরসভার নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, বর্তমানে করোনাভাইরাসের প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় প্রতিটি ওয়ার্ডে সচেতনতা বৃদ্ধির জন্য মাইকিং করা হচ্ছে। সকলকে সরকারি নির্দেশনা মেনে চলার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও জানান যে, বাংলাদেশ রেলওয়ে বস্তি উচ্ছেদ করে বস্তিবাসীদের পুনর্বাসন করা হবে এবং দোকানপাট ভেঙ্গে ফেলে মার্কেট করার সিদ্ধান্ত নিয়েছে। এর ফলে রেলওয়ের কাছ থেকে লীজ নিয়ে দোকান করা যাবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর |
| আলোচনাঃ ৪৪<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ বিরামপুর | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ,বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, এ উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তাটি দীর্ঘদিন ধরে মেরামতের অভাবে চলাচল অনুপযোগী হয়ে পড়েছে। এ ছাড়াও উপজেলা পরিষদের অভ্যন্তরে মডেল মসজিদ প্রকল্পের আওতায় নতুন মসজিদের কাজ চলমান রয়েছে। যার কারনে নির্মাণ সামগ্রী নিয়ে ভারী ট্রাক চলাচল করায় উক্ত রাস্তাটির অবস্থা খুবই সঙ্গীন হয়ে পড়েছে। তাই অতি সত্বর রাস্তাটি মেরামত করা প্রয়োজন। তদপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, প্রস্তাবিত উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন এলজিইডি কর্তৃক ইতঃমধ্যেই অনুমোদিত হয়েছে। স্বল্প সময়ের মধ্যে কাজটি শুরু হবে। নির্মাণ সামগ্রী পরিবহনে আর কোন বিকল্প রাস্তা না থাকায় উক্ত রাস্তাটি মেরামত করা না হলে বর্ণিত কাজের নির্মাণ সামগ্রী পরিবহন ব্যাহত হবে। তিনি রাস্তাটির কিছু অংশ আর সিসি ঢালাই এর মাধ্যমে এবং কিছু অংশ কার্পেটিং করতে হবে মর্মে সভায় অবহিত করেন। এতে আনুমানিক ৫৫.০০ লক্ষ টাকা ব্যয় হতে পারে। এ প্রেক্ষিতে উপজেলা চেয়ারম্যান জানান যে, রাস্তাটি মেরামতে এ বিপুল পরিমান অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে নেই। ফলে উক্ত মেরামত কাজে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করা সম্ভব নয়। নয়। তাই সরকারি স্বার্থ বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ হতে বিশেষ বরাদ্দ প্রয়োজন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুরের এ প্রস্তাবটি সকল সদস্য একমত পোষণ করে প্রস্তাব প্রেরণের অনুরোধ জানান। | সরকারি স্বার্থ সংরক্ষণে রাস্তাটি জরুরীভিত্তিতে মেরামতের লক্ষ্যে উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুরকে প্রাক্কলন প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।<br>২. উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর, দিনাজপুর।<br>৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| **বিবিধ আলোচনা**<br>৪৪ | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান যে, উপজেলা পরিষদ অডিটরিয়ামের ছাদে প্যাটানস্টোন ও প্লাস্টার কাজ শেষ হয়েছে। অডিটরিয়ামে জাতীয় দিবসসহ বিভিন্ন ধরণের অনুষ্ঠান করা হয়। অডিটরিয়ামটিতে রং না করার অপরিচ্ছন্ন দেখা যায়। সেকারণে রংকরণের কাজ করতে হবে। তিনি ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের জন্য প্রস্তাব করেন।<br>**প্রকল্পের নামঃ** উপজেলা পরিষদ অডিটরিয়ামের রংকরণ প্রকল্প। প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের প্রস্তাব করেন। প্রস্তাবিত কমিটি নিম্নরূপঃ<br>১. চিত্তরঞ্জন পাহান, চেয়ারম্যান, ৩নং খানপুর ইউপি, বিরামপুর-সভাপতি<br>২. মোছাঃ পারুল বেগম,সংরক্ষিত সদস্য,কাটলা ইউপি,বিরামপুর-সেক্রেটারী<br>৩. মোঃ মোজাম্মেল হক,সদস্য,পলিপ্রয়াগপুর ইউপি, বিরামপুর-সদস্য<br>৪. মোঃ একলাসুর রহমান,সদস্য, দিওড় ইউপি, বিরামপুর-সদস্য<br>৫.মোঃ আঃ হালিম সরকার,সদস্য,মুকুন্দপুর, ইউপি, বিরামপুর-সদস্য | প্রস্তাবিত প্রকল্পের অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা বরাদ্দ প্রদান ও প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হলো।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর। |

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**ডিসেম্বর/২০২১ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া এবং ভ্রমণভাতা প্রদান | =৫৩,১২৫/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা এবং ভ্রমণভাতা প্রদান | =৬৭,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের ডিসেম্বর/২০২১ মাসের ২৯ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। ( ১৫,৯৫০+১৫৯৫০=৩১,৯০০/-) | =৩১,৯০০/- |
| ০৪ | ডিসেম্বর/২০২১ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | ডিসেম্বর/২০২১ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | ডিসেম্বর/২০২১ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =২৩,৭৩৯/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২১.১৬৪/১(৫০) তারিখঃ ০৭.০২.২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ............................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা..........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব ............................................................... মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

০৭.০২.২০২২

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd